

সংসদ সদস্য আসলামুল হকের মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক
ঢাকা, ৪ এপ্রিল ২০২১;

ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সহ-সভাপতি, সংগ্রামী আওয়ামী লীগ নেতা এবং ঢাকা-১৪
আসনের সংসদ সদস্য আসলামুল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও
কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান, এমপি।

প্রতিমন্ত্রী আজ এক শোকবার্তায় মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং মরহম
আসলামুল হক এর বাসায় গিয়ে তাঁর শোক সন্তুষ্ট পরিবারের সদস্যদের সান্তনা দেন। তাদের প্রতি
গভীর সমবেদনা জানান।

প্রতিমন্ত্রী বলেন, আসলামুল হক একজন সাহসী নেতা ছিলেন। তাঁর মৃত্যুতে সাংগঠনিকভাবে
বাংলাদেশ আওয়ামীলীগের অনেক বড় ক্ষতি হয়ে গেল। যা সহজে পূরণ হবার নয়। উল্লেখ্য সংসদ
সদস্য আসলামুল হক আজ দুপুরে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ
করেন।

স্বাক্ষরিত/-

মো.আকতারুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

০১৭১৮৮৫১৮৫১